

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৬২

পর্ব-৯: দু'আ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলার জিকির ও তাঁর নৈকট্য লাভ

بَابُ ذِكْرِ اللَّهِ عَنَّ وَجَلَّ وَالتَّقَرُّبُ إِلَيْهِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسِيرُ فِي طَرِيقِ مَكَّةَ فَمَرَّ عَلَيْهِ وَسَلَّمَ يَسِيرُ فِي طَرِيقِ مَكَّةَ فَمَرَّ عَلَى جَبَلٍ يُقَالُ لَهُ: جُمْدَانُ فَقَالَ: «سِيرُوا هَذَا جُمْدَانُ سَبَقَ الْمُفَرِّدُونَ». قَالُوا: وَمَا الْمُفَرِّدُونَ؟ يَا رَسُولَ اللَّهِ قَالَ: «الذَّاكِرُونَ الله كثيرا وَالذَّاكِرَات». رَوَاهُ مُسلم

বাংলা

২২৬২-[২] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার সফর হতে মক্কার পথ ধরে এক পাহাড়ে পৌঁছলেন, জায়গাটির নাম ছিল 'জুমদান'। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমরা চলো এটা হলো জুমদান। আগে আগে চলল মুফাররিদরা। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! মুফাররিদ কারা? তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, যে পুরুষ বা নারী আল্লাহর অধিক জিকির করে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬৭৬, তিরমিয়ী ৩৫৯৬, মু'জামুল আওসাত ২৭৭৩, আদ্ দা'ওয়াতুল কাবীর ১৮, শু'আবূল ঈমান ৫০২, আল কালিমুত্ব ত্বইয়্যিব ২, সহীহ আতৃ তারগীব ১৫০১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (کَانَ رَسُوْلُ اللّٰهِ ﷺ يَسِیْرُ فِیْ طَرِیْقِ مَکَّة) এটা মক্কার দিকে যাওয়ার সময় অথবা মদীনার দিকে যাওয়ার সময় যে কোন একটি ছিল।

(سَبَقَ الْمُفَرِّدُون) ইমাম নাবাবী (রহঃ) তার শারহে মুসলিমে লিখেছেন, এর দারা উদ্দেশ্য হলো যারা আল্লাহর স্মরণের লক্ষেয় লোক চক্ষুর অন্তরালে চলে যায়।



افَالُوا এর পরের থেকে যে لَهُ শব্দটি উল্লেখ আছে তা مَنْ এর অর্থবোধক। যেমন : মহান আল্লাহর বাণী, وَالسَّمَاءِ وَمَا بَنَاهَا ('আসমানের ও তাকে যিনি বানিয়েছেন তার শপথ।'' (সূরা আশ্ শামস্ ৯১ : ৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন